

আমি এরকমই ঠিক লিরিঞ্জ:-

আমি এরকমই ঠিক
তুই ও একটু মানিয়ে নিস,
জানি বড্ড জেদি তুই
অদ্ভুত যত বাহানা যে দিস,
হাত ধরে তোর হাঁটতে চাই শহর
এগিয়ে দে পা তুই পথে।

এতটা কে তোর রেখেছে খবর
রেগে যাস শুধু তুই সব টা তে,
তাকে চাই ও ও ও শুধু তোকে চাই
তোর ইচ্ছেতে আমি পথ হারাই।

ঠিক তোর মত বাউন্ডুলে হাওয়া যে
ভাসিয়েছে আমাকে, ও ও ও ও

ঠিক তোর মত বাউন্ডুলে হাওয়া যে
ভাসিয়েছে আমাকে এ এ. .
ঠিক তোর মতন কোনো আলগা আদরে
বেঁধে ফেলেছে আমাকে,
তোর চুলের গন্ধ পেলে আমি আতর ভুলে যাই
তোর নালিশ সামলে নিয়ে আমি ক্যানভাসে রঙ সাজাই,
তোর চোখে জল এনে আমি নিজে কেঁপে যাই
তোর প্রেমের আবদারে রোজ আমার হয় ক্লাস কামাই
ও ও ও ও ও।
হাত ধরে তোর হাঁটতে চাই শহর
এগিয়ে দে পা তুই পথে,
তাকে চাই ও ও ও শুধু তোকে চাই
তোর ইচ্ছেতে আমি পথ হারাই পথ হারাই।।